

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৮৭

২৬/ নিকাহ (বিবাহ) (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৪৪. ক্রোড়ে পালিত কন্যা হারাম হওয়া

تَحْرِيمُ الرَّيْبَةِ الَّتِي فِي حَجَرِهِ

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ بَكَّارٍ قَالَ حَدَّثَنَا أَبُو الْيَمَانِ قَالَ أَنْبَأَنَا شُعَيْبٌ قَالَ أَخْبَرَنِي الزُّهْرِيُّ قَالَ أَخْبَرَنِي عُرْوَةُ أَنَّ زَيْنَبَ بِنْتَ أَبِي سَلَمَةَ وَأُمُّهَا أُمُّ سَلَمَةَ زَوْجُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخْبَرَتْهُ أَنَّ أُمَّ حَبِيبَةَ بِنْتَ أَبِي سُفْيَانَ أَخْبَرَتْهَا أَنَّهَا قَالَتْ يَا رَسُولَ اللَّهِ أَنْكِحْ أُخْتِي بِنْتَ أَبِي سُفْيَانَ قَالَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْتَحِبِّينَ ذَلِكَ فَقُلْتُ نَعَمْ لَسْتُ لَكَ بِمُخْلِيَةٍ وَأَحَبُّ مَنْ يُشَارِكُنِي فِي خَيْرِ أُخْتِي فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ أُخْتِكَ لَا تَحِلُّ لِي فَقُلْتُ وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ إِنَّا لَنَتَحَدَّثُ أَنَّكَ تُرِيدُ أَنْ تَنْكِحَ دُرَّةَ بِنْتَ أَبِي سَلَمَةَ فَقَالَ بِنْتُ أُمِّ سَلَمَةَ فَقُلْتُ نَعَمْ فَقَالَ وَاللَّهِ لَوْ لَا أَنَّهَا رَيْبَتِي فِي حَجَرِي مَا حَلَّتْ لِي إِنَّهَا لِابْنَةُ أَخِي مِنَ الرِّضَاعَةِ أَرْضَعْتَنِي وَأَبَا سَلَمَةَ ثَوْبِيَّةٌ فَلَا تَعْرِضْنِ عَلَيَّ بَنَاتِكُنَّ وَلَا أَخَوَاتِكُنَّ

বাংলা

৩২৮৭. ইমরান ইবন বাক্কার (রহঃ) ... উরওয়া (রহঃ) সংবাদ দিয়েছেন, যয়নব বিনত আবু সালামা এবং তার মা উম্মে সালামা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সহধর্মিণী তাকে সংবাদ দিয়েছেন, আবু সুফিয়ানের কন্যা উম্মে হাবীবা (রাঃ) তাকে সংবাদ দিয়েছেন যে, তিনি বললেনঃ ইয়া রাসূলুল্লাহ! আবু সুফিয়ানের কন্যা আমার বোনকে আপনি বিবাহ করুন। তিনি বলেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি কি এটা পছন্দ কর? আমি বললামঃ হ্যাঁ, আমি আপনার সাথে একাকী হব না, আর যারা আমার বোনের মিলনের ব্যাপারে আমার সঙ্গে থাকবে তাদেরকেও আমি ভালবাসি।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমার বোন আমার জন্য হালাল হবে না। আমি বললামঃ আল্লাহর কসম, ইয়া রাসূলুল্লাহ! আমরা বলাবলি করছি, আপনি দুররাহ বিনত আবু সালামাকে বিবাহ করতে ইচ্ছা রাখেন। তিনি বললেনঃ উম্মে সালামার কন্যা? আমি বললামঃ হ্যাঁ। তিনি বললেনঃ আল্লাহর কসম! যদি সে আমার

ক্রোড়ে পালিত কন্যা নাও হতো, তবুও সে আমার জন্য হালাল হতো না। কেননা, সে তো আমার দুধ ভাই-এর কন্যা। আমাকে এবং আবু সালামাকে সুওয়াইবা (রাঃ) দুধ পান করিয়েছেন। অতএব তোমাদের বোনদেরকে বা কন্যাদেরকে আমার জন্য পেশ করো না।

English

'Urwah narrated that Zainab bint Abi Salamah -whose mother was Umm Salamah, the wife of the Prophet- told him that Umm Habibah bint Abi Sufyan told her that she said:

"O Messenger of Allah, marry my sister, the daughter of Abu Sufyan." She said: "The Messenger of Allah said: 'Would you like that?' I said: 'Yes; I do not have you all to myself and I would like to share this goodness with my sister.' The Prophet said: 'Your sister is not permissible for me (to marry).' I said: 'By Allah, O Messenger of Allah, we have been saying that you want to marry Durrah bint Abi Salamah.' He said: 'The daughter of Umm Salamah?' I said: 'Yes.' He said: 'By Allah, even if she were not my stepdaughter who is in my care, she would not be permissible for me (to marry), because she is the daughter of my brother through breast-feeding. Thuwaibah breastfed Abu Salamah and I. So do not offer your daughters or sisters to me in marriage.'"

ফুটনোট

তাহক্বীকঃ সহীহ। ইবন মাজাহ ১৯৩৯।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=77315>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন